তারিখ ... 07 JUN 1991 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ২ ...

দৈনিক ইত্তেফাক ২৭১

# চট্টগ্রাম ভার্সিটির অচলাবস্থা নিরসনে অবিলম্বে ব্যবস্থা দাবী

(চট্টগ্রাম অফিস)

গতকাল (বৃহস্পতিবার) দোস্ত বিল্ডিং চত্বরে ছাত্র-শিক্ষক অভিভাবক সমাবেশে বক্তাগণ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের অচলাবস্থা নিরসনের জন্য সরকার ও প্রশাসনকে ত্বরিত ব্যবস্থা গ্রহণের আহ্বান জানান, সর্বদলীয় ছাত্রঐক্য ও চাকসু আয়োজিত সমাবেশে সভাপতিত্ব করেন চাকসু ভিপি নাজিমউদ্দিন। বক্তব্য রাখেন

(শেষ পৃ: ১-এর ক: দ্র:)

## চট্টগ্রাম ভার্সিটি

( ১ম পৃ: পর )

কমিউনিষ্ট পার্টির মোঃ ইউসুফ, এম,পি, বাকশাল নেতা খোরশেদ আলম সুজন, ৫ দল নেতা বালাগত উল্লাহ, বিশ্ববিদ্যালয় শিক্ষক ডঃ মঈনুল ইসলাম, চাকসু জিএস আজিম উদ্দিন প্রমুখ। তাহারা বলেন, একটি অপশক্তি পেশী অস্ত্র বলে একজন নির্বাচিত ভিসিকে অপসারণ ও হত্যার হুমকি দিতেছে।

বিশ্ববিদ্যালয়ের প্রশাসনসহ ছাত্র সমাজকে জিম্মি করিয়া রাখিয়াছে। সমাবেশে বলা হয়, ভিসি অপসারণই সমস্যার সমাধান নয়। চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের এই ধারাবাহিকতা বন্ধ করিয়া ফারুক হত্যাসহ এ পর্যন্ত সন্ত্রাসী কার্যকলাপে জড়িতদের গ্রেফতার ও শাস্তি প্রদানই সমস্যা সমাধানের মূল পথ। আগামী ৪৮ ঘন্টায় অচলাবস্থা নিরসন না হইলে বিশ্ববিদ্যালয়ে সর্বাত্মক ঘেরাও অভিযান চালানো হইবে বলিয়া সমাবেশে ঘোষণা করা হয়।